

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৩০, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও নং-১৬৭-আইন/২০১৪/৭১২-মুসক।- অর্থ আইন, ২০১৪ (২০১৪ সনের ৪ নং আইন) এর ধারা ৬৬ এর উপ-ধারা (৪) এর দফা (ক) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

- ১। শিরোনামা ও প্রবর্তন।- (১) এই বিধিমালা স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ আদায় বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।
- (২) ইহা ১ জুলাই, ২০১৪ তারিখে কার্যকর হইবে।

(১৫৪০৫)

মূল্য : টাকা ১২.০০

২। সংজ্ঞা।- বিযয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

- (ক) "অর্থ-আইন" অর্থ অর্থ আইন, ২০১৪ (২০১৪ সনের ৪ নং আইন);
- (খ) "তামাকজাত পণ্য" অর্থ তামাক, তামাক পাতা বা উহার নির্যাস হইতে প্রস্তুত যে কোন পণ্য, যাহা চোষণ বা চিবানোর মাধ্যমে গ্রহণ করা যায় বা ধূমপানের মাধ্যমে শ্বাসের সহিত টানিয়া লওয়া যায় এবং বিড়ি, সিগারেট, চুরট, গুল, জর্দা, খৈনী, সাদাপাতা, সিগার এবং ছক্কা বা পাইপে ব্যবহার্য মিশ্রণ (mixture) ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (গ) "নির্ধারিত কোড" অর্থ স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ সরকারী কোষাগারে জমা প্রদানের নিমিত্ত অর্থ মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কমিশনারেটের জন্য বরাদ্দকৃত অর্থনৈতিক কোড;
- (ঘ) "মূসক আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);
- (ঙ) "সারচার্জ" অর্থ অর্থ-আইনের ধারা ৬৬ এর উপ-ধারা (১) এর অধীন আরোপণীয় ১ (এক) শতাংশ হারে স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ।

৩। সারচার্জ আরোপ।- বাংলাদেশে আমদানিকৃত ও স্থানীয়ভাবে উৎপাদিত তামাকজাত পণ্যের উপর সারচার্জ আরোপযোগ্য হইবে।

৪। সারচার্জ নিরূপণ।- আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে উৎপাদিত তামাকজাত পণ্যের উপর মূল্যভিত্তিক ১ (এক) শতাংশ হারে সারচার্জ নিরূপিত হইবে।

৫। সারচার্জ আদায়, পরিশোধ, ইত্যাদি।- (১) অর্থ-আইনের ধারা ৬৬ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক-

- (ক) আমদানিকৃত তামাকজাত পণ্যের ক্ষেত্রে, যে মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর নিরূপণ করা হয়, সেই মূল্যের উপর সারচার্জ প্রদেয় হইবে;
- (খ) স্থানীয়ভাবে উৎপাদিত তামাকজাত পণ্য সরবরাহের ক্ষেত্রে, উৎপাদন স্তরে মূসক আইনের ধারা ৫ এর উপ-ধারা (২) এর অধীন ঘোষিত মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্যের উপর, সারচার্জ প্রদেয় হইবে।

(২) উপ-বিধি (১) এ ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় উৎপাদন স্তরে-

- (ক) সিগারেটের ক্ষেত্রে মূসক আইনের ধারা ৫ এর উপ-ধারা (৩) এর অধীন সরকার নির্ধারিত মূল্যস্তরের মধ্যে যে ঘোষিত ও অনুমোদিত মূল্যের উপর মূল্য সংযোজন কর আরোপিত হয় সেই মূল্যের উপর সারচার্জ প্রদেয় হইবে;
- (খ) বিড়ির ক্ষেত্রে মূসক আইনের ধারা ৫ এর উপ-ধারা (৭) অনুযায়ী বোর্ড কর্তৃক ধার্যকৃত ট্যারিফ মূল্যের উপর সারচার্জ প্রদেয় হইবে।

(৩) আমদানি ও উৎপাদন পর্যায়ে প্রদেয় সারচার্জ আদায়ের ক্ষেত্রে ট্রেজারী চালানের মাধ্যমে বা প্রযোজ্য ক্ষেত্রে, ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে নির্ধারিত কোডে জমা প্রদান করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, বিড়ির ব্যান্ডরোল ডাকঘর হইতে সংগ্রহের পূর্বে প্রযোজ্য পরিমাণ সারচার্জ ট্রেজারী চালানের মাধ্যমে বা, প্রযোজ্য ক্ষেত্রে, ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে এতদসংক্রান্ত নির্ধারিত কোডে জমা প্রদানক্রমে ট্রেজারী চালানের মূলকপি প্রদর্শনপূর্বক সংগ্রহ করিতে হইবে এবং ডাকঘর কর্তৃপক্ষ ট্রেজারী চালানের সত্যায়িত অনুলিপি বা ইলেক্ট্রনিক ট্রান্সফারের দালিলিক তথ্য সংরক্ষণ করিবে।

(৪) তামাকজাত পণ্যের উৎপাদক প্রতিষ্ঠান কর্তৃক পণ্য সরবরাহের চালানপত্রে (মূসক-১১) সারচার্জের পরিমাণ আলাদাভাবে উল্লেখ করিতে হইবে এবং প্রতি কর মেয়াদে দাখিলপত্রের সাথে সারচার্জ জমার ট্রেজারী চালানের মূলকপি সংযুক্ত করিতে হইবে।

৬। আদায়কৃত সারচার্জের পরিমাণ ও উহার প্রদর্শন।- কাস্টম হাউজ বা কাস্টমস স্টেশন কর্তৃক আমদানিস্তরে এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটসমূহ কর্তৃক উৎপাদনস্তরে আদায়কৃত সারচার্জের পরিমাণ মাসিক রাজস্ব বিবরণীতে ভিন্ন কলামে কর বহির্ভূত রাজস্ব হিসাবে প্রদর্শন করিতে হইবে।

৭। দন্ড।- (১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বিধি ৫ এর বিধান লঙ্ঘন করিলে উহা মূসক আইনের অধীন একটি অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্তরূপে সংঘটিত অপরাধের ক্ষেত্রে মূসক আইন ও তদধীন প্রণীত বিধিমালা অনুসারে দন্ড আরোপণীয় হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, মূসক আইনের ধারা ৫৬ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কো। ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর অর্থদন্ড আরোপ করা হইলে এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত অর্থদন্ড পরিশোধে ব্যর্থ হইলে সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন কর্মকর্তা তাহার তামাকজাত পণ্যের খালাস বা সরবরাহ স্থগিত করিতে পারিবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শওকাত হোসেন)

প্রথম সচিব (মূসক নীতি)